CAREERINDIA

Language Code : **04**

# SED-24-I

**प्रश्न-पत्र-I / PAPER-I**
**बंगाली भाषा परिशिष्ट**
**Bengali Language Supplement**
**भाग-IV & V / PART-IV & V**

मुख्य परीक्षा पुस्तिका संख्या / Main Test Booklet No.

इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This booklet contains **20** Printed pages.

मुख्य परीक्षा पुस्तिका कोड / Main Test Booklet Code
# K

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20) पर दिए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें। / FOR INSTRUCTIONS IN BENGALI SEE PAGE 2 OF THIS BOOKLET.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं OMR उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **K**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, OMR उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगाली) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगाली) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं। **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा-I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

## INSTRUCTIONS FOR CANDIDATES

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page/ marking responses in the OMR Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **K**. Make sure that the CODE printed on **Side-2** of the OMR Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bengali) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bengali) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part-V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) / Roll Number : in figures ____________________
: शब्दों में / in words ____________________
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ____________________ निरीक्षक के हस्ताक्षर : ____________________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile Signature Stamp of
Centre Superintendent : ____________________

www.careerindia.com

CAREERINDIA

Language Code : **04**

# SED-24-I

**প্রশ্ন পত্র-I**

**বাংলা ভাষা পরিশিষ্ট**

**ভাগ-IV & V**

মুখ্য পরীক্ষা পুস্তিকা কোড

**K**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **-এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ I, II, III-এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V -এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V -এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং OMR উত্তর পত্রে উত্তর চিহ্নিতকরণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট্ পেনই** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **K**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং OMR উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (Invigilator)-এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60টি** বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)
   ভাগ V : ভাষা II (বাংলা) (প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)
7. **ভাগ IV-এ ভাষা I -এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V-এ ভাষা II-এর জন্য আছে 30টি প্রশ্ন। যদি ভাষা I এবং/অথবা ভাষা II-এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II)-এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV)-এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা। অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II)-এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) -এর জন্য নির্দিষ্ট খালি-জায়গার মধ্যেই rough work করতে হবে।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিতকরণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ______________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ______________________

: (অক্ষরে) : ______________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ______________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ______________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ______________

Facsimile signature stamp of
Centre Superintendent ______________________

www.careerindia.com

CAREERINDIA

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **Language-I** only.

→

www.careerindia.com

CAREERINDIA

# PART-IV
# LANGUAGE-I
# BENGALI

| |
|---|
| যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন। |

**নির্দেশ ঃ** নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (**91** থেকে **99** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।

শেষ শীতের সকাল। দীপু বাগানে গিয়ে দেখল, সেখানে গাছগাছালির মধ্যে সবুজের মেলায় কত বিচিত্র বর্ণের ফুল। আর ফুলের বনে রঙ-বেরঙের কত প্রজাপতির আনাগোনা। কী সুন্দর এই প্রজাপতি! নানা রকম নক্সা-আঁকা চিত্র-বিচিত্র পাখা নেড়ে নেড়ে ফুলের বনে ফুরফুর করে উড়ে বেড়াচ্ছে। হঠাৎ কোনটা ফুলের বুকে আলগোছে বসে পড়ে। ফুলটা চমকে দুলে ওঠে। প্রজাপতি মধু লুটে ডানা মেলে উড়ে যায়। আবার, আর এক ফুলে গিয়ে বসে।

দীপু লক্ষ্য করল, প্রজাপতি যখন কোথাও বসে, তখন ডানাগুলো মুড়ে পিঠের ওপর খাড়াভাবে তুলে দেয়, নৌকার পালের মতো করে। এ সময় ডানার নিচের দিকটা দেখা যায়। দীপু অবাক হয়ে দেখল, ডানার নিচের দিকটায় কিন্তু এতো রঙের বাহার নেই। এর কারণ কী? দীপুর হঠাৎ মনে পড়ল, সে বইয়ে পড়েছে, বসে থাকা প্রজাপতির মুড়ে রাখা ডানার নক্সা ও রং প্রায়ই এমন হয় যে, সে অনায়াসে গাছের পাতা বা ফুলের সঙ্গে একেবারে মিশে থাকতে পারে। এজন্য উড়তে উড়তে হঠাৎ কোথাও বসে পড়লে, তার শত্রু-পাখিরা তাকে আর দেখতে পায় না। তাইতো সে বেঁচে থাকার সুযোগ পায়।

দীপু খানিকক্ষণ ছুটোছুটি করে একটা প্রজাপতি ধরে ফেললো। প্রজাপতির পাখনা থেকে গুঁড়ো গুঁড়ো রং উঠে গিয়ে তার আঙুলে লেগে গেল। সে বুঝল, এগুলো প্রজাপতির ডানার আঁশ। এই আঁশগুলো রঙিন, আর এগুলোর জন্যই প্রজাপতির ডানার এতো বাহার।

প্রজাপতিটা হাতে নিয়ে দীপু তার দেহের বিভিন্ন অংশ বেশ ভালো করে লক্ষ্য করতে লাগল। এরই নাম পর্যবেক্ষণ। সে দেখল, একটা ছোট গোল মাথা, একটা মাঝারি আকারের বুক, আর একটা সরু লম্বা পেট— এই তিনটি অংশ দিয়ে প্রজাপতির দেহটা তৈরি। মাথা থেকে দুটো লম্বা শুঙ্গ বা শুঁয়ো (অ্যানটেনা) বেরিয়েছে। শুঙ্গের ডগা একটু মোটা। প্রজাপতি যে ফুল থেকে মধু খায়, সেই ফুলে এই শুঙ্গ ঠেকিয়ে, কি ফুল, কেমন তার মধু, এইসব সে বুঝতে পারে। শুঙ্গের ঠিক গোড়াতেই দুটো বেশ বড়ো বড়ো চোখ (পুঞ্জাক্ষি— অর্থাৎ অনেকগুলো ছোট ছোট চোখের সমষ্টি)।

প্রজাপতির মুখটা বড়ো অদ্ভুত। তার চোয়ালগুলো জুড়ে গিয়ে একটা বেশ বড়ো শোষক-নল তৈরি হয়েছে। এই নলটা কিন্তু গুটানো থাকে। খাবার সময়, সে নলটা সোজা করে ফুলের মধ্যে ঢুকিয়ে দেয়, এবং বেশ আরাম করে ফুলের মধু চুষে খায়। এ জন্যই প্রজাপতি ফুলের মধু ছাড়া আর কিছুই খেতে পারে না। প্রজাপতি ফুলে ফুলে উড়ে উড়ে মধু খায়, আর সেই সুযোগে ফুলের পরাগ-সংযোগে সহায়তা করে। প্রজাপতি আমাদের অনেক উপকার করে। তবে শুঁয়াপোকা অবস্থায়, এরা ফসলের প্রভূত ক্ষতিসাধন করে। সেজন্য এরা আমাদের অনিষ্টকারী পতঙ্গ বলে গণ্য হয়।

**91.** নিচের কোন শব্দটির অর্থ ফুলের সাথে সম্পর্কিত নয়?

(1) পরাগস্থলী (2) পরাগ সংযোগ (3) পরাগ কেশর (4) পরাগত

**92.** পুঞ্জাক্ষি-এর অর্থ —

(1) ক্ষুদ্র অক্ষির সমষ্টি (2) বৃহৎ অক্ষিদ্বয় (3) ক্ষুদ্র অক্ষিদ্বয় (4) বৃহৎ অক্ষির সমষ্টি

www.careerindia.com

**93.** প্রজাপতির চোখ দেহের কোন অংশে অবস্থিত?

(1) পেটের তলদেশে (2) শুঁড়ের ডগায় (3) মাথার উপর (4) বুকের মাঝখানে

**94.** প্রজাপতির কোন রূপটি উদ্ভিদ জগতের উপকারে আসে?

(1) রঙিন ডানার রকমারি নক্সা (2) মধু শোষণকারী
(3) ফসল অনিষ্টকারী (4) পরাগ সংযোগকারী

**95.** নিচের বিবৃতি দুটি পড়ুন এবং সঠিক উত্তর নির্বাচন করুন ঃ

**বিবৃতি (ক)** ঃ এই আঁশগুলো রঙিন, আর এগুলোর জন্যই প্রজাপতির ডানার এতো বাহার।

**বিবৃতি (খ)** ঃ প্রজাপতি মধু লুটে ডানা মেলে উড়ে যায়।

(1) **বিবৃতি (ক)** সরল বাক্য এবং **বিবৃতি (খ)** যৌগিক বাক্য।
(2) **বিবৃতি (ক)** এবং **(খ)** দুটোই যৌগিক বাক্য।
(3) **বিবৃতি (ক)** এবং **(খ)** দুটোই সরল বাক্য।
(4) **বিবৃতি (ক)** যৌগিক বাক্য এবং **বিবৃতি (খ)** সরল বাক্য।

**96.** প্রজাপতির রঙিন বাহারি পাখনার রং তার কী কাজে লাগে?

(1) খাবার সংগ্রহ করতে। (2) রেশম তৈরি করতে।
(3) ফুলে ফুলে উড়ে বেড়াতে। (4) শত্রুর হাত থেকে রক্ষা পেতে।

**97.** দীপু প্রজাপতির দৈহিক গঠন পর্যবেক্ষণ করল। সে কীভাবে দেখলো?

(1) মনোযোগীভাবে (2) আলতোভাবে (3) আবছাভাবে (4) অমনোযোগীভাবে

**98.** নীচের কোন বিবৃতিটি প্রজাপতির ক্ষেত্রে প্রযোজ্য **নয়**?

(1) প্রজাপতির ডানার নীচের দিকটি বাহারি নয়।
(2) প্রজাপতির দেহটির তিনটি ভাগ।
(3) খাদ্যশোষক নলটি খাবার সময় গুটিয়ে থাকে।
(4) প্রজাপতির শুঁয়াপোকা রূপটি কৃষকের জন্য ক্ষতিকারক।

**99.** ডানা তুলে বসে থাকা প্রজাপতির ডানাগুলিকে কীসের সাথে তুলনা করা হয়েছে?

(1) নৌকার পালের সাথে (2) ফুলের সাথে
(3) পাতার সাথে (4) চিত্রিত নক্সার সাথে

www.careerindia.com

CAREERINDIA

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত কবিতাটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 – 105 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

আর কদিন এ পরবাস কত হাজার মাইল দূরে
পকেটে রাখা চিরুনি থেকে কার চুলের গন্ধ পাই
আমাকে আর বনের বাঘ খায় না তেমন
মনের বাঘ কুকরে খায়।

দু'মাস মানে অনেকদিন, অনেক রাত, জোয়ারভাটা
অনেক পাতা ঝরা
এত খাবার, কিন্তু জিভে আহার নেই, তৃষ্ণা নেই গলায়
আমার চাই আমার ঘর, চাই না সসাগরা।

দু'মাস হলো তোমার স্নানের গন্ধ নেই
দু'মাস আমি দেখিনি তোমার খোলা কোমর গঙ্গা
দারুণ গাড়ি, দারুণ বাড়ি, দারুণ সব মেয়ে
তার ভেতরে ঘুমিয়ে পড়ি, রাত্রে ফেরে সংজ্ঞা

দু'মাস হলো আমি তোমার নুন খাইনি
সহ্য করা কঠিন এ পরবাস
আমাকে তুমি ফিরিয়ে নাও, যেমন করে পুজোয় ফেরে
ঢাকির সঙ্গে বালক, আর মাঠের ধারে কাশ।

আমাকে তুমি ফিরিয়ে নাও, আর ডো-নাট নয়
আমি অনেক দোষ করেছি, প্রেমিক ঘুণধরা
একটুখানি আকাশ চাই ভালোবাসার
নিজের ঘর, কী হবে দিয়ে বড় বসুন্ধরা?

**100.** কবিতাটির মূল বিষয় কী?

(1) স্বদেশ প্রত্যাবর্তনজনিত মানসিক যন্ত্রণা  (2) প্রবাস বাসের মানসিক যন্ত্রণা

(3) স্বদেশ বাসের মানসিক যন্ত্রণা  (4) প্রবাস ত্যাগজনিত মানসিক যন্ত্রণা

**101.** কোনটি 'বসুন্ধরা'-র সমার্থক শব্দ **নয়**?

(1) বিশ্ব  (2) পৃথিবী  (3) ভূতল  (4) বসুধা

www.careerindia.com

CAREERINDIA

**102.** কবি কী চাইছেন?

(1) প্রবাসের বিলাসবহুল জীবনে মেতে উঠতে।

(2) স্বদেশের এক টুকরো ভালোবাসা ভরা আকাশ কাছে পেতে।

(3) সসাগরা ধরিত্রীতে খ্যাত হতে।

(4) বৃহৎ বসুন্ধরার মাঝে নিজেকে ব্যাপ্ত করতে।

**103.** 'সংজ্ঞা'— শব্দটির দ্বারা এখানে কী বোঝানো হয়েছে?

(1) কথিত (2) বিশেষ্য বাচক শব্দের ব্যাখ্যা

(3) বিশেষণ বাচক শব্দের ব্যাখ্যা (4) চৈতন্য

**104.** কবির মানসিক যন্ত্রণার কারণ হিসেবে নিচে প্রদত্ত কোন কারণটি সঠিক **নয়**?

(1) প্রবাসে বিলাসবহুল জীবনযাত্রায় আত্মতৃপ্তি

(2) দীর্ঘদিন আপনজনের অদর্শন

(3) প্রবাসের প্রেমহীন সম্পর্কের অতৃপ্তি

(4) স্বদেশ-সংস্কৃতি থেকে বিচ্ছিন্নতাবোধ

**105.** পরবাস কী পদ?

(1) অব্যয় (2) বিশেষ্য (3) বিশেষণ (4) ক্রিয়া

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (106 থেকে 120 নং প্রশ্ন) সর্বাধিক নিকটতম উত্তর নির্বাচন করুন।**

**106.** কামিন্সের পারস্পরিক নির্ভরশীল তথ্য প্রকল্প অনুযায়ী নীচের কোনগুলি একে অপরের উপর পরস্পর নির্ভরশীল?

(1) প্রথম ও দ্বিতীয় ভাষায় প্রাথমিক আন্তর্ব্যাক্তিক দক্ষতা।

(2) দ্বিতীয় ভাষায় বোধ পরীক্ষণ এবং উৎপাদন।

(3) প্রথম এবং দ্বিতীয় ভাষায় জ্ঞানাত্মক শিক্ষামূলক দক্ষতা।

(4) দ্বিতীয় ভাষায় পঠন এবং লিখন।

**107.** নীচের কোনটি ভাষা এবং উপভাষা সম্পর্কে ভাষাতাত্ত্বিক দিক থেকে **সঠিক**?

(1) একটি ভাষা এবং একটি উপভাষার মধ্যে কোনো সুনির্দিষ্ট ভাষাতাত্ত্বিক পার্থক্য নেই।

(2) ভাষার লিখিত সাহিত্য রয়েছে, উপভাষা কেবল মৌখিক ঐতিহ্যের উপর নির্ভরশীল।

(3) ভাষা এবং উপভাষা ভাষাতাত্ত্বিক দিক থেকে পৃথক ভৌগোলিকগত দিক থেকে এক।

(4) ভাষার নিজস্ব লিপি আছে, কিন্তু উপভাষার নিজস্ব লিপি নেই।

**108.** বীরা একটি সাত মাসের শিশু। সে এখন ব্যঞ্জন এবং স্বর মিশ্রিত ধ্বনি তৈরি করে। নীচের কোনটি ব্যবহার করে সে সংযোগ সাধন করছে?

(1) ভাষাতাত্ত্বিক বাচন ক্রিয়ার (Linguistic speech) দ্বারা

(2) স্বনিম (Phonemes)

(3) বক বক করে (Babbling)

(4) কলরব করে (Cooing)

www.careerindia.com

CAREERINDIA

**109.** নীচের কোনটি পঠন দক্ষতা অর্জনের প্রারম্ভে অক্ষর ও বর্ণমালার পরিবর্তে শব্দ ও ছোট গল্পমূলক পাঠের ব্যবহারকে যুক্তিসম্মত মনে করে না?

(1) পৃথক অক্ষরগুলি শব্দের চাইতে মুখস্থ করা কঠিন।

(2) প্রথম পাঠক ক্ষুদ্রতর এককের চাইতে বৃহত্তর এককগুলিতে বেশি ভালোভাবে কেন্দ্রীভূত হতে পারে।

(3) শব্দগুলি এবং পাঠগুলি অর্থপূর্ণ সংগঠন সৃষ্টি করে যা অক্ষরগুলি করতে অসমর্থ হয়।

(4) শব্দগুলি এবং পাঠগুলি অধিক আকর্ষণীয় কিন্তু অক্ষরগুলি নয়।

**110.** উৎপাদনমূলক শব্দতালিকা (Productive Vocabulary) কী?

(1) যে শব্দগুলি পাঠকের কাছে নতুন।

(2) যে শব্দগুলি আমরা শুনেই চিনতে পারি।

(3) যে শব্দগুলি আমরা লাইনের বাইরে পড়েও লক্ষ্য করতে পারি।

(4) যে শব্দগুলি আমরা লিখনে ও বাচনে ব্যবহার করি।

**111.** একটি সমভাষী জনজাতির মধ্যে লক্ষ্য করা যায় যে দুটি ভিন্ন ভিন্ন সামাজিক-অর্থনৈতিক দলগুলির বক্তাদের 'স'-এর উচ্চারণ পৃথক। এটি কীসের উদাহরণ?

(1) একটি সামাজিক-মনোবিজ্ঞানমূলক বৈচিত্র্য

(2) একটি সমাজ সম্পর্কিত ভাষাতাত্ত্বিক বৈচিত্র্য

(3) একটি প্রয়োগমুখী বৈচিত্র্য

(4) একটি সমাজ সম্পর্কিত সাংস্কৃতিক বৈচিত্র্য

**112.** পাঠ-উপলব্ধিমূলক পদ্ধতি প্রসঙ্গে নিম্নে প্রদত্ত বিবৃতিগুলি থেকে **ভ্রান্ত** মন্তব্যটি চিহ্নিত কর ঃ

(1) আলতো পাঠ এবং পুঙ্খানুপুঙ্খ পাঠ উভয় ক্ষেত্রেই পাঠের মাধ্যমে দ্রুত চোখ বোলানো প্রয়োজন।

(2) আলতো পাঠ পাঠের দ্রুত পঠনের সঙ্গে সম্পর্কিত, যখন পুঙ্খানুপুঙ্খ পাঠ বিশেষ তথ্যের অনুসন্ধানের সঙ্গে সম্পর্কিত।

(3) আলতো পাঠ গভীর পাঠের অতিরিক্ত, যখন পুঙ্খানুপুঙ্খ পাঠ ভাসা-ভাসা পাঠের অতিরিক্ত।

(4) আলতো পাঠ পুর্ণবিচারের জন্য উপযুক্ত, যখন পুঙ্খানুপুঙ্খ পাঠ কোনো বিশেষ প্রশ্নের উত্তর দানে অধিক সহায়ক।

**113.** মাতৃভাষা-ভিত্তিক বহুভাষাতত্ত্ব সমর্থন করে যে __________।

(1) সব শিশুরাই হিন্দি প্রথম ভাষা হিসেবে পড়ে

(2) সব শিশুরাই তাদের বিদ্যালয়-কার্য শুরু করে তাদের মাতৃভাষা বা গৃহের ভাষার মাধ্যমে

(3) সব শিশুরাই তাদের বিদ্যালয় কার্য শুরু করে রাজ্যের ভাষার মাধ্যমে

(4) সব শিশুরাই তাদের বিদ্যালয় কার্য শুরু করে ইংরেজী মাধ্যমে এবং গৃহের ভাষায়

**114.** নীচের কোনটি ভাষা অর্জন যন্ত্রের (Language Acquisition Device – LAD) ধারণার সাহায্যে ব্যাখ্যা করা হয় নি ?

(1) কেন শিশুদের ভাষাতাত্ত্বিক বর্হিপ্রকাশ তাদের প্রাপ্ত তথ্যের চাইতে অধিক হয়।

(2) কীভাবে শিশুরা তাদের প্রথম ভাষা শেখে।

(3) 4-5 বছরের একটি সংক্ষিপ্ত সময় কালে কীভাবে শিশুরা ভাষা শিখনে সমর্থ হয়।

(4) কীভাবে শিশুরা অলঙ্কৃত ভাষা শেখে।

www.careerindia.com

**115.** দ্বিতীয় ভাষা শিক্ষণে নীচের কোনটি ব্যাকরণ অনুবাদ পদ্ধতির বৈশিষ্ট্য **নয়**?

(1) ভাষার ভূমিকার চাইতে ভাষা গঠনে অধিক গুরুত্ব দেওয়া।

(2) প্রথম ও দ্বিতীয় ভাষার ব্যাকরণগত নিয়মের তুলনা করা।

(3) দ্বিতীয় ভাষার ব্যাকরণের নিয়মগুলির শিখন এবং অভ্যাস।

(4) দ্বিতীয় ভাষায় প্রত্যক্ষভাবে সংযোগস্থাপন এবং তারপর দুটি ভাষার ব্যাকরণের নিয়মের তুলনা করা।

**116.** যখন শিশুরা তার চার পাশের বস্তু, ঘটনা এবং সরাসরি যা দৃশ্যমান সে সম্পর্কে প্রশ্নের ক্ষেত্রে ভাষা ব্যবহার করে, তখন নিম্নে প্রদত্ত ভাষার কোন ব্যবহারটি অন্যান্যগুলির চাইতে অধিক ব্যবহৃত হয়?

(1) অনুসন্ধানমূলক (2) কল্পনাপ্রবণ (3) নিয়মিত (4) তথ্যবহুল

**117.** একজন শিক্ষিকা তাঁর দেওয়া একটি অভিজ্ঞতাভিত্তিক প্রশ্নের উত্তর ছাত্ররা কীভাবে দেবে এবং উত্তর লেখার সময় কীভাবে চিন্তা করবে সে সম্পর্কে তাদের প্রতিক্রিয়া জিজ্ঞাসা করলেন। এটি কীসের উদাহরণ?

(1) অধিসংখ্যাবিজ্ঞান (Metasemiotics)

(2) অধিজ্ঞানাত্মক (Metacognition)

(3) রূপক (Metaphor)

(4) অধিভাষিকতা (Metalingualism)

**118.** নিম্নে প্রদত্ত ক্রাশেনের তথ্য প্রকল্পগুলির কোনটি ভগট্স্কি-র ZPD-র সঙ্গে সদৃশ ?

(1) পরিবর্তনমূলক পরিস্রুত তথ্য প্রকল্প (Affective Filter Hypothesis)

(2) তথ্য অন্তর্ভুক্তিকরণ প্রকল্প (Input Hypothesis)

(3) নিয়ন্ত্রণমূলক তথ্য প্রকল্প (Monitor Hypothesis)

(4) সহজাত ক্রমভিত্তিক তথ্য প্রকল্প (Natural Order Hypothesis)

**119.** নীচের কোন দক্ষতাটি উপলব্ধিমূলক পঠন চিহ্ন হিসেবে বিবেচিত **নয়**?

(1) এখন পর্যন্ত পঠিত পাঠের মনোগত সংযোগীকরণ।

(2) স্বতন্ত্র অক্ষর / বর্ণের উপর গুরুত্ব প্রদান।

(3) পরবর্তী বিষয়ের অনুমান করা।

(4) ঘটনা অথবা ধারণার ক্রম সুসংগঠিত এবং মূল্যায়িত করা।

**120.** মনুষ্য ব্যবহৃত ভাষার কোন বৈশিষ্ট্যটির জন্য সেই বস্তুগুলি সম্পর্কে মানুষরা কথা বলতে পারে যেগুলি নিকটবর্তী সময় এবং স্থানে উপস্থিত **নয়**?

(1) বিচক্ষণতা (Discreteness)

(2) স্থানচ্যুতি (Displacement)

(3) অনিয়ন্ত্রণমূলক (Arbitrariness)

(4) গঠনমূলক নির্ভরশীলতা (Structure dependence)

www.careerindia.com

CAREERINDIA

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)** - এর উত্তর দেবেন।
Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **Language-II** only.

→

www.careerindia.com

CAREERINDIA

# PART-V
# LANGUAGE-II
# BENGALI

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা-II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই **ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

ওড়িশার সুন্দরগড় জেলার গভীর জঙ্গল-পাহাড়ঘেরা একটি জায়গার নাম মহুলসুখা, ম্যাঙ্গানিজ মাইনের জন্যে বিখ্যাত। ওড়িশার এই সুন্দরগড় জেলা ও বিহারের সিংভূম জেলাতে বেশ কয়েকটি জঙ্গুলে জায়গা আছে যেখানে লাল-নীল নদী বয়ে যায় ঘন জঙ্গলের মধ্যে মধ্যে। ম্যাঙ্গানিজ-এর খনি বা খাদান যেখানে আছে, বৃষ্টিতে পাহাড় থেকে নেমে-আসা মাটি-ধোওয়া জল যখন পাহাড়ি নদীতে এসে পড়ে তখন সেই জলের রং লাল দেখায়, আবার যেখানে লোহার খনি বা খাদান থাকে সেখানের পাহাড় থেকে মাটি ধুয়ে নিয়ে আসা জলের রং নীল। তাই নদীর রং লাল বা নীল।

এই মহুলসুখাতে এসেছি, এপ্রিল মাসের মাঝামাঝি কয়েকদিন হল। এসেছি নিছকই জঙ্গলের মধ্যে থাকব বলেই। বড়ো ভালো লাগছে। জঙ্গলের মধ্যে সময় কাটালে তোদেরও ভালো লাগবে কারণ প্রকৃতিই যে আমাদের দ্বিতীয় মা।

মহুলসুখা মাইনস-এর আরেকটা নাম ভুতরা মাইনস। কালো জলরাশি বুকে নিয়ে ম্যাঙ্গানিজ আকর-এর গুঁড়ো বয়ে নিয়ে ছিপছিপে নদী চলেছে বনবিতানের মধ্যে দিয়ে। নদীর নাম কুড়াড়ি। তবে জল এখানে লাল নয়, কালোই।

মহুলসুখা ম্যাঙ্গানিজ মাইনস-এর গেস্ট হাউসটি একটি পাহাড়ের উপরে। খুবই সাদামাঠা বন্দোবস্ত। সঙ্গে বাবুর্চিখানা নেই বলে আরোই অসুবিধে। নীচের স্টাফ ক্যান্টিন থেকে চা থেকে শুরু করে অন্যান্য খাবারদাবারও সব বয়ে নিয়ে আসে চৌকিদার, ফলে ঠান্ডা হয়ে যায়। তবে জঙ্গলে যেতে পারলে ও থাকতে পারলে এইসব ছোটখাটো অসুবিধা গায়ে মাখলে চলে না। খাওয়া না হয় একটু কমই হল, আরাম-বিলাসও না হয় নাই হল কিন্তু জঙ্গলের মধ্যে তো থাকা হল। সেটাই তো মস্ত লাভ।

আমি মহুলসুখাতে গেছিলাম বড়বিল থেকে, বড়জামদা হয়ে জিপে করে। রাউরকেল্লা থেকেও আসা যায়।

বাংলোর বারান্দাতে বসে তোকে চিঠি লিখছি। হাওয়াটা ঝড়ের মতো বইছে। বিহার-ওড়িশার পাহাড়ে জঙ্গলে এপ্রিল মাসে যেমন বয় আর কী! হাওয়াটা ক্রমশই জোর হচ্ছে। লোহা আর ম্যাঙ্গানিজের আকরের গুঁড়ো-মাখা লাল মাটির মিহি আস্তরণ উড়ে চলেছে প্রচণ্ড বেগে মাইক স্যাটোর ফরমুলা রেসিং কারের মতো। আর উপরের স্তরে উড়ে চলেছে পাতারা, ছোটকি ধনেশ কী টিয়ার ঝাঁকের চেয়েও অনেক বেশি গতিতে। নানারঙা পাতা, শাল গাছের পাতা, আমের পাতা, শিমুলের পাতা, পলাশের ঝরা পাপড়ি, বয়েরের পাতা, জংলি কাঁটালের পাতা, কুসুম গাছের পাতা ঝাঁক ঝাঁক তিরের মতো উড়ে চলেছে। আর তারও উপরে উড়ছে ডিগবাজি খেতে খেতে, গিলিরি আর মুতুরি আর না-নউরিয়া ফুলেদের ফিনফিনে পাপড়ি। আঃ কী ভালো যে লাগে!

এই মহুলসুখা ছাড়িয়ে, কুড়াড়ি নদী পেরিয়ে অনেক পাহাড়ে উঠে এবং নেমে জিপে করে প্রথমদিনই খান্ডাধারে গেছিলাম। তখনও কোথায় যে শেষ পর্যন্ত থাকব সে সম্বন্ধে মনস্থির করিনি। মহুলসুখার ম্যাঙ্গানিজ মাইন বেসরকারি কিন্তু খান্ডাধারের লৌহ আকরের খাদান সরকারি। ম্যানেজারের নাম বিশ্বল সাহেব। ক্রিমসন-রঙা হাওয়াইন শার্ট পরে অফিসে কাজ করছিলেন। তিনি নাকি বড়বিলের বাংলা বইয়ের লাইব্রেরি থেকে বই আনিয়ে নিয়মিত পড়েন।

**121.** "নীচের স্টাফ ক্যান্টিন থেকে চা থেকে শুরু করে অন্যান্য খাবারদাবারও সব বয়ে নিয়ে আসে চৌকিদার, ফলে ঠান্ডা হয়ে যায়।" বাক্যটিকে সাধুভাষায় রূপান্তরিত করার সময় কটি ক্রিয়ার পরিবর্তন করতে হবে?

(1) পাঁচ (2) দুই (3) তিন (4) চার

www.careerindia.com

CAREERINDIA

**122.** “এসেছি নিছকই জঙ্গলের মধ্যে থাকব বলে।”— ‘জঙ্গলের মধ্যে’— কোন কারক?

(1) অধিকরণ (2) কর্ম (3) নিমিত্ত (4) অপাদান

**123.** উরিষ্যার জঙ্গল-পাহাড় ঘেরা মহুলসুখাতে লেখক কেন এসেছিলেন?

(1) খনি পরিদর্শনে (2) কর্মসূত্রে

(3) সরকারি কাজে (4) প্রকৃতি উপভোগ করতে

**124.** “কুসুম গাছের পাতা ঝাঁক ঝাঁক তিরের মতো উড়ে চলেছে।” — এখানে কোন অলঙ্কারের প্রয়োগ হয়েছে?

(1) উপমা (2) যমক (3) শ্লেষ (4) অনুপ্রাস

**125.** প্রদত্ত গদ্যাংশটিতে ভাষার দিক থেকে সাহিত্যের কোন শাখার পরিচয় পাওয়া যায়?

(1) শিশু সাহিত্য (2) প্রবন্ধ রচনা (3) পত্র রচনা (4) ভ্রমণ কাহিনী

**126.** লেখক উড়ন্ত পাতার গতির বর্ণনায় কটি পাখির সাথে তুলনা করেছেন?

(1) পাঁচটি (2) দুটি (3) তিনটি (4) চারটি

**127.** কুড়াড়ি নদীর জলের রং কী?

(1) মাটি ধোওয়া জলের রং (2) লাল

(3) কালো (4) নীল

**128.** বিশ্বল সাহেব কোন লাইব্রেরি থেকে বই আনিয়ে পড়তেন?

(1) রাউরকেল্লা থেকে (2) মহুলসুখা থেকে

(3) বড়বিল থেকে (4) বড়জামদা থেকে

www.careerindia.com

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত গদ্যাংশটি পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

খ্রিস্ট জন্মের তিনশো বছর আগের গ্রিস। মর্মর প্রাসাদ, অট্টালিকা, সুরম্য বাগিচা শোভিত ম্যাসিডন নগরী। পাথরের ফলক বসানো প্রশস্ত রাজপথে ছুটে চলা রথচক্র, অশ্ব আর অসংখ্য পদাতিক। পথের দুপাশে সার সার বিপণি। কোথাও সেখানে বিক্রি হচ্ছে দ্রাক্ষারস, কোথাও বা স্ফটিকের পানপাত্র থেকে শুরু করে চিতাবাঘের উজ্জ্বল চামড়ার মহার্ঘ শাল। বৈভবের নগরী ম্যাসিডন। আর এই জনাকীর্ণ রাজপথে রৌদ্রকরোজ্জ্বল সকালে হেঁটে চলেছেন এক ব্যক্তি। তাঁর পরনে নামমাত্র পোশাক। কারণ, তিনি মনে করেন মানুষের বেঁচে থাকার জন্য ঠিক যতটুকু প্রয়োজন, ঠিক ততটুকুই গ্রহণীয় তাঁর কাছে। তিনি বাস করেন রাস্তার পাশে পড়ে থাকা একটি কাঠের পিপের মধ্যে, সম্পত্তি বলতে সামান্য কয়েকটা জিনিস। অথচ এ লোক চাইলেই ম্যাসিডনের অন্যতম সেরা হর্ম্য প্রাসাদের মালিক হতে পারতেন। হেঁটে চলেছেন লোকটি, মাঝে-মাঝে উঁকি দিচ্ছেন পথপার্শ্বের বিপণিগুলোতেও। সবথেকে অদ্ভুত ব্যাপার রৌদ্রোজ্জ্বল রাজপথে তিনি একটি জ্বলন্ত লণ্ঠন নিয়ে বেরিয়েছেন। মাঝে-মাঝে তা উঁচিয়ে ধরে কী যেন খোঁজার চেষ্টা করছেন। কৌতূহলী হয়ে এক পথচারী তাঁকে জিজ্ঞাসা করল, 'দিনের বেলাতে আপনি লণ্ঠন জ্বালিয়েছেন কেন?' প্রশ্ন শুনে সেই খ্যাপাটে লোকটা জবাব দিলেন, 'চারপাশে বড় আঁধার। তাই লণ্ঠন জ্বেলে মানুষ খুঁজতে বেরিয়েছি।'

এমনি বহু গল্পকথা অমর হয়ে আছে এই ব্যক্তি সম্পর্কে। তাঁর পরিচয় তিনি একজন দার্শনিক, তিনি একজন শিক্ষক। রাস্তার একপাশে বসে পথের ধুলোতে কাঠি দিয়ে আঁচ কেটে আগ্রহী ছাত্রদের শিক্ষা প্রদান করেন। তাঁর ছাত্ররা অধিকাংশই গরিব। কিন্তু প্রচণ্ড মেধাবী। শিক্ষক জানেন তাঁর এই সব ছাত্ররা একদিন জ্ঞানের আলো ছড়িয়ে দেবে সমগ্র গ্রিসে। দার্শনিক, শিক্ষকের অভাব নেই ম্যাসিডনে। স্বয়ং অ্যারিস্টটলই তো সগৌরবে বিরাজমান তখন। তবুও তিনি তাঁদের সবার থেকে ভাবনায় যেন অনন্য। তাঁর নাম ডায়োজিনিস দি সিনিক।

এই অদ্ভুত শিক্ষকের কথা কানে পৌঁছোতে দেরি হল না অ্যারিস্টটলের প্রিয় শিষ্যের। জ্ঞানপিপাসু সেই ছাত্র একদিন তাঁর ভৃত্য ও রক্ষীকুল পরিবৃত হয়ে হাজির হলেন সেই খ্যাপাটে শিক্ষকের কাছে। ডায়োজিনিস তখন নিজের মনে মাটিতে কী একটা আঁক কষছিলেন। অ্যারিস্টটলের ছাত্রর ছায়া সেই আঁকের ওপর পড়তেই ডায়োজিনিস তাঁকে বললেন, 'দয়া করে সরে যান। রাজপুরুষের ছায়া আমার আঁকের ওপর না পড়াই ভাল।' কথাটা শুনে বিস্মিত সাক্ষাৎ-প্রার্থী তাঁকে প্রশ্ন করলেন, 'আপনি আমাকে চেনেন? পরিচয় জানেন?' খ্যাপাটে, দার্শনিক শিক্ষক জবাব দিলেন, 'চিনব না কেন? আপনি সম্রাট দ্বিতীয় ফিলিপের পুত্র আলেকজান্ডার। ম্যাসিডনের ভবিষ্যতের সম্রাট।'

**129.** আলেকজান্ডার সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সত্য **নয়**?

(1) আলেকজান্ডার একাই হাজির হলেন খ্যাপাটে শিক্ষকের কাছে।

(2) ডায়োজিনিস অভিজাত আলেকজান্ডারকে শিক্ষাদানে অনাগ্রহী ছিলেন।

(3) তিনি ছিলেন অ্যারিস্টটলের প্রিয় শিষ্য।

(4) তিনি ছিলেন সম্রাট দ্বিতীয় ফিলিপের পুত্র।

**130.** প্রদত্ত গদ্যাংশটি পড়লে ম্যাসিডন নগরীর বর্ণনা থেকে বোঝা যায় এটি একটি —

(1) ঐশ্বর্যশালী নগরী (2) কপর্দকশূন্য নগরী

(3) বৈভবশালী নগরী নয় (4) বিত্তশালী নগরী নয়

CAREERINDIA

131. ডায়োজিনিস-এর জীবন দর্শন কী ছিল?

(1) অধিকতম প্রয়োজনাতিরিক্ত বস্তুর মাধ্যমে জীবনধারণ।

(2) ন্যূনতম প্রয়োজনাতিরিক্ত বস্তুর মাধ্যমে জীবনধারণ।

(3) ন্যূনতম প্রয়োজনীয় বস্তুর মাধ্যমে জীবনধারণ।

(4) অধিকতম অপ্রয়োজনীয় বস্তুর মাধ্যমে জীবনধারণ।

132. দিনের বেলা ডায়োজিনিসকে লণ্ঠন জ্বালিয়ে ঘুরতে দেখে তার কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেন, "চারপাশে বড় আঁধার"— এই অন্ধকার কীসের?

(1) মানবিকতার অন্ধকার (2) শিক্ষার অন্ধকার

(3) বৈভবের অন্ধকার (4) অমানবিকতার অন্ধকার

133. 'দ্রাক্ষারস' বলতে বোঝায়?

(1) আখের রস (2) বেদানার রস (3) আঙ্গুরের রস (4) আপেলের রস

134. "জ্ঞানপিপাসু সেই ছাত্র একদিন তাঁর ভৃত্য ও রক্ষীকুল পরিবৃত হয়ে হাজির হলেন সেই খ্যাপাটে শিক্ষকের কাছে।" — নীচের কোন তিনটি শব্দ বাক্যটিতে বিশেষণ রূপে প্রযুক্ত হয়েছে ?

(1) রক্ষীকুল, জ্ঞানপিপাসু, শিক্ষক (2) ছাত্র, পরিবৃত, খ্যাপাটে

(3) সেই, শিক্ষক, জ্ঞানপিপাসু (4) জ্ঞানপিপাসু, পরিবৃত, খ্যাপাটে

135. রৌদ্রোজ্জ্বল — সন্ধি বিচ্ছেদের সঠিক রূপ কোনটি?

(1) রৌদ্র + ঔজ্জ্বল (2) রৌদ্র + উজ্জ্বল (3) রৌদ্রো + উজ্জ্বল (4) রৌদ্র + ওজ্জ্বল

www.careerindia.com

CAREERINDIA

**নির্দেশ ঃ নিম্নে প্রদত্ত প্রশ্নগুলির (136 থেকে 150 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

**136.** নীচের কোনটি শিশু সাহিত্যের আকাঙ্খিত বৈশিষ্ট্য নয়?

(1) আকর্ষনীয় চিত্রগুলি (2) পশুচরিত্রগুলি

(3) সহজবোধ্য নৈতিক মূল্য (4) বড়ো সাইজের ফন্ট এবং পরিচিত শব্দ

**137.** প্রাথমিক আন্তর্ব্যক্তিক সংযোগকারী দক্ষতা কী নামে পরিচিত?

(1) আন্তঃভাষা (2) উচ্চতর ক্রম ভাষা দক্ষতা

(3) বিমূর্ত ভাষা (4) প্রতিদিন সংযোগ সাধনের ভাষা

**138.** নীচের কোনটি সর্বার্থসাধক শ্রেণী গঠনের সহায়ক **নয়**?

(1) কিছু ছাত্রকে শ্রেণীর মনিটর বানানো।

(2) সহপাঠীদলের পারস্পরিক ক্রিয়া এবং প্রতিক্রিয়া (feedback) পদ্ধতি।

(3) দলভিত্তিক কার্য প্রদান।

(4) বহুভাষিক আবেদন গ্রহণ।

**139.** স্টীফেন ক্রাশেনের নিয়ন্ত্রণমূলক তথ্যপ্রকল্প প্রসঙ্গে নিচের কোনটি সত্য **নয়**?

(1) শিক্ষার্থীরাই কেবল নিয়ন্ত্রণ করতে পারে যদি তার কাছে যথেষ্ট সময় এবং নিয়ম সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকে।

(2) এটি দ্বিতীয় ভাষা অর্জনের প্রসঙ্গে ব্যবহৃত হয়।

(3) এটি অর্জন এবং শিখনের মধ্যবর্তী সম্পর্কের উপর নির্ভরশীল।

(4) যা 'অর্জিত' হয় সেটি যা 'শেখা' হয় তার নিয়ন্ত্রণের সহায়ক।

**140.** একজন শিক্ষিকা হিন্দিভাষী ছাত্রদেরকে দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজী শেখানোর সময় তাদের সহজবোধ্য নিয়মগুলি না বলে, প্রসঙ্গ এবং সুযোগ প্রদান করেন যা তাদের ইংরেজীর সংক্ষিপ্ত বার্তালাপে ব্যস্ত রাখে। তিনি তাদের সামনে উদাহরণ উপস্থাপিত করেন যা তারা সংলাপে ব্যবহার করে, ধীরে ধীরে তারা শিক্ষিকার সাহায্য নিয়ে নিজেরাই নিয়মগুলি শিখতে থাকে।

কোন আদর্শ / আবেদনগুলি শিক্ষিকা অনুসরণ করছেন বলে তুমি মনে কর?

(1) প্রত্যক্ষ পদ্ধতি (2) ব্যাকরণ-অনুবাদ পদ্ধতি

(3) শ্রাব্য-ভাষিক পদ্ধতি (4) সংযোগকারী পদ্ধতি

www.careerindia.com

CAREERINDIA

**141.** নিচের কোনটি পাঠভিত্তিক উপলব্ধি এবং শব্দ তালিকা বিকাশের সহায়ক **নয়**?

(1) চিত্র অভিধান (2) শব্দ মানচিত্র (3) বর্ণমালা চার্ট (4) বিষয় মানচিত্র

**142.** গল্পের কোন শৈলীটি বহুভাষিকতা এবং বহুসাংস্কৃতিকতা প্রসারের জন্য সর্বাধিক উপযুক্ত?

(1) দীর্ঘ কাহিনী (2) লোককথা (3) আত্মজীবনী (4) বিজ্ঞান কল্প কাহিনী

**143.** নিচের কোনটি সংযোগকারী আবেদনের বৈশিষ্ট্য **নয়**?

(1) সংযোগকারী যোগ্যতার বিকাশ।

(2) ক্রিয়ার চাইতে গঠনে অধিক গুরুত্ব প্রদান।

(3) ভাষার প্রাসঙ্গিক ব্যবহার।

(4) সহজবোধ্য শিক্ষণের পরিবর্তে ব্যাকরণের নিয়ম অনুসন্ধান করা।

**144.** যখন একজন প্রথম পাঠক একটি বিশেষ পাঠভিত্তিক বিষয়কে অনুভব করতে পাঠের বিষয়, সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি ইত্যাদি সম্পর্কে তার সাধারণ জ্ঞান ব্যবহার করে, তখন এটিকে বলে —

(1) বটম্-ডাউন আবেদন। (2) টপ-ডাউন আবেদন।

(3) টপ-আপ আবেদন। (4) বটম্-আপ আবেদন।

**145.** দুটি গুরুত্বপূর্ণ মূল্যায়ন প্রসঙ্গে কোন বিবৃতিটি **সত্য**?

(1) শিখন স্তরের পূর্বে এবং চলাকালীন সামগ্রিক মূল্যায়ন করা হয়।

(2) গঠনমূলক মূল্যায়ন শিখনের কার্যপ্রক্রিয়া অপেক্ষা গঠনেই অধিক গুরুত্ব দেয়।

(3) সামগ্রিক মূল্যায়ন হল সারা বছরের সবকটি মূল্যায়নের সামগ্রিক যোগফল।

(4) শিখন স্তরের মাধ্যমে গঠনমূলক মূল্যায়ন লাগাতার চলতে থাকে।

**146.** শিখনের ফাঁকগুলি খুঁজে নিতে ভ্রান্তি বিশ্লেষণ একটি গুরুত্বপূর্ণ পর্যায়, কারণ —

(1) ভ্রান্তিগুলি ধারণার বিকাশ এবং উৎসাহ প্রদর্শিত করে।

(2) শিক্ষার্থীর নির্বুদ্ধিতামূলক আচরণের জন্যই অধিকাংশ ভ্রান্তির সৃষ্টি হয়।

(3) শিক্ষার্থীর মন এবং শিখন পর্যায়ের মধ্যে ভ্রান্তি একটি জানলা।

(4) ভ্রান্তিগুলি শিক্ষার্থীর উপলব্ধির অভাবকে সূচিত করে।

www.careerindia.com

CAREERINDIA

**147.** নীচের কোনটি মূল্যায়ন প্রসঙ্গে **সত্য নয়**?

(1) এটি কেবলমাত্র শিক্ষকের দ্বারাই করা সম্ভব।

(2) এটি ছাত্রদের উন্নতিতে একটি সামগ্রিক দৃষ্টি (holistic view) প্রদান করে।

(3) এটি ছাত্রদের দক্ষতা প্রদর্শনের ঠোস প্রমাণ প্রদান করে।

(4) এটি ছাত্রদের বিকাশের গতি মূল্যায়ন করে।

**148.** নীচের কোনটি শিখনের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র বিবেচিত **হয় না**?

(1) মনোস্তাত্ত্বিক স্নায়ু সঞ্চালন (Psychomotor)

(2) জ্ঞানাত্মক (Cognitive)

(3) সমাজ-সাংস্কৃতিক (Socio-cultural)

(4) পরিবর্তনমূলক (Affective)

**149.** নীচের কোনটি গঠনমূলক মূল্যায়নের উদাহরণ নয়?

(1) সমগ্র শিক্ষাবর্ষে ক্ষুদ্র পরীক্ষা থেকে সহপাঠী পুর্ণবিচার পর্যন্ত বিস্তৃত মূল্যায়ন পদ্ধতি।

(2) সমগ্র শিক্ষাবর্ষে মৌখিক এবং লিখিত কার্য, চরিত্র-অভিনয় ইত্যাদির সারণী।

(3) শিক্ষাবর্ষের অন্তে একটি পর্ব-পত্র (Term-paper)।

(4) কিছু সময় ধরে ছড়িয়ে থাকা উপলব্ধিমূলক লিখিত পরীক্ষা এবং অন্যান্য কিছু কার্যের সম্মিলন।

**150.** যে শিশুদের মধ্যে পঠনে বা লিখনে ‘p’ কে ‘b’ এবং ‘6’ কে ‘9’ মনে করার সাধারণ ভুল লক্ষ্য করা যায় তাদের —

(1) পড়ার অসুবিধা (Dyslexia) দেখা যায়।

(2) তোতলাতে (Stuttering) দেখা যায়।

(3) বাক্‌শক্তিলোপ (Aphasia) দেখা যায়।

(4) বস্তুর নাম মনে রাখার অক্ষমতা (Anomia) দেখা যায়।

www.careerindia.com

- o 0 o -

CAREERINDIA

SPACE FOR ROUGH WORK

www.careerindia.com

CAREERINDIA

**নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল / কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিতকরণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, OMR উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা পুস্তিকা এবং OMR উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং OMR উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/OMR উত্তরপত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র (OMR) উত্তরপত্রে দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোনো পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষার হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। পরীক্ষার্থী এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যেকোনো ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের OMR উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর OMR উত্তরপত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে। **পরীক্ষার্থীরা তাদের বাম হাতের বুড়ো আঙ্গুলের ছাপ হাজিরা পত্রে দেওয়া স্থানে অবশ্য লাগান।**
12. ইলেক্ট্রনিক/ হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনোরকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ী সম্পন্ন হবে।
14. কোনোরকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও OMR উত্তরপত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর OMR উত্তরপত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

www.careerindia.com

CAREERINDIA

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **नीले/काले बॉल पॉइन्ट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस OMR उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक OMR उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं OMR उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं OMR उत्तर पत्र के कोड या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/OMR उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका कोड व संख्या को परीक्षार्थी सही तरीके से उपस्थिति-पत्र में लिखें।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और परीक्षार्थी विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना OMR उत्तर पत्र दिए बिना एवं उपस्थिति-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार उपस्थिति-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने OMR उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान उपस्थिति-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी परीक्षण संस्था के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला परीक्षण संस्था के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी भी परिस्थिति में परीक्षा पुस्तिका और OMR उत्तर पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व OMR उत्तर पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Blue / Black Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the OMR Answer Sheet is not folded. Do not make any stray marks on the OMR Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the OMR Answer Sheet.
4. Handle the Test Booklet and OMR Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and OMR Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/OMR Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against the candidate including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their OMR Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the OMR Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Examining Body with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Examining Body.
14. No part of the Test Booklet and OMR Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the OMR Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***

www.careerindia.com